

ফালুর মেডিক্যাল সার্টিফিকেট জালিয়াতির ঘটনা

বঙ্গবন্ধু মেডিক্যাল ভার্শিটির ভিসি প্রোভিসি ও ট্রেজারার অপসারণ

ইত্তেফাক রিপোর্ট

বিএনপির সাবেক সংসদ সদস্য মোসাদ্দেক আলী ফালুর মেডিক্যাল সার্টিফিকেট জালিয়াতির ঘটনায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ভিসি মোহাম্মদ তাহির, প্রো-ভিসি প্রফেসর আব্দুল মজিদ ও কোষাধ্যক্ষ আব্দুল গফুরকে গতকাল মঙ্গলবার অপসারণ করা হয়েছে। অপর দিকে নতুন ভিসি হিসেবে দায়িত্ব পেয়েছেন প্রফেসর নজরুল ইসলাম, প্রো-ভিসি চৌধুরী আলী কাওমার ও মোহাম্মদ কামাল এবং কোষাধ্যক্ষ প্রফেসর রুহুল আমিন।

স্বাস্থ্যগত কারণে ডায়েরি তিন মাসদায় আয়সাতের মাধ্যমে গত ২৭ অক্টোবর হাইকোর্ট মোসাদ্দেক আলী ফালুকে তিন মাসের জামিন

প্রদান করে। কিন্তু সেই রিপোর্ট সত্য নয় বলে জামিন আদেশ স্থগিত করে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। ২০০৮ সালের ৫ ফেব্রুয়ারি ৫ জন চিকিৎসকের সমন্বয়ে একটি মেডিক্যাল

বোর্ড গঠন করা হয়। উক্ত বোর্ড ঐনিই মোসাদ্দেক আলী ফালুর স্বাস্থ্যগত বিষয়ে একটি প্রতিবেদন দেয়। কিন্তু উক্ত আদালতে গর্ত ৭ সেক্টরের তারিখের একটি মেডিক্যাল রিপোর্ট দাখিল করা হয়। সেই রিপোর্ট ১১ জন চিকিৎসকের সমন্বয়ে গঠিত মেডিক্যাল বোর্ডের তৈরি বলে জানান হয়। কিন্তু এই বোর্ড সম্পর্কে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হাসপাতাল কর্তৃপক্ষ অবগত নয়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এই বক্তব্য সুপ্রিম কোর্টে উপস্থাপন করলে হাইকোর্টের আদেশ স্থগিত করে আপিল বিভাগ। এই মাধ্যমে বিশেষ জজ আদালত মোসাদ্দেক আলী ফালুকে ৫ বছর কারাদণ্ড দেয়। দণ্ডদেশের বিরুদ্ধে আপিল করলে হাইকোর্ট তাকে জামিন দেয়।